# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 21 June, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলায় সড়কের পাশ থেকে বিশ্বজিৎ (২৭) নামে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।শনিবার (২১ জুন) সকালে উপজেলার সদর ইউনিয়নের হিন্দু চকপাড়া ব্রিজের নিচে মরদেহটি পড়ে থাকতে দেখেন স্থানীয়রা।

নিহত বিশ্বজিৎ হিন্দু চকপাড়া গ্রামের অনিলের ছেলে।মরদেহের পাশে মদের বোতল ও ট্যাপেনাডল জাতীয় ওষুধ পাওয়া গেছে বলে জানিয়েছে পুলিশ।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে স্থানীয় এক নারী প্রথমে মরদেহটি দেখতে পান।তার চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে পুলিশে খবর দেন।পরে পুলিশ ঘটনাস্থলে এসে মরদেহটি উদ্ধার করে।ঘটনার সত্যতা নিশ্চিত করে কলমাকান্দা থানার উপ-পরিদর্শক (এসআই) বাবুল হাসান জানান, মরদেহটি ময়নাতদন্তের জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।এ ঘটনায় প্রাথমিকভাবে একটি অপমৃত্যুর মামলা রুজু করা হয়েছে।

তিনি আরও বলেন, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পরই মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।স্থানীয়দের ধারণা, বিষক্রিয়ায় যুবকটির মৃত্যু হয়ে থাকতে পারে।তবে তদন্তের আগে কিছুই নিশ্চিত করে বলা সম্ভব নয় বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ মরদেহ যুবক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:17

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7316313530